# সিংড়া উপজেলা আইসিটি কমিটির জুলাই/২০২৩ খ্রি: মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোঃ আল ইমরান, উপজেলা নির্বাহী অফিসার(ভারঃ), সিংড়া, নাটোর।

স্থানঃ উপজেলা পরিষদ হলরুম, সিংড়া, নাটোর।

তারিখঃ ২০/০৭/২০২৩ খ্রিঃ সকাল ১০:৩০ টা।

উপস্থিত সদস্য: সংযুক্ত-পরিশিষ্ট (ক) ।

সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সরকারি যে কোন সেবা গ্রহণের ক্ষেত্রে নাগরিকদের যাতে সময়, খরচ ও ভিজিট কম হয় সেদিকে লক্ষ্য রাখার জন্য উপজেলা আইসিটি কমিটির সকল সদস্যের দৃষ্টি আর্কষণ করা হয়। সভায় উপস্থিত সদস্যগণ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং আলোচনার প্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয় :

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১ | ওয়েব পোর্টাল হালনাগাদ | সহকারী প্রোগ্রামার জানান যে, উপজেলা পর্যায়ের কিছু কিছু কর্মকর্তা/কর্মচারী বদলি হয়েছে, কিন্তু ওয়েব পোর্টাল হালনাগাদ করা হয়নি। সকল দপ্তরকে ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য পত্র প্রদান করা যেতে পারে। ইতোমধ্যে অনেক দপ্তর ওয়েব পোর্টাল হালনাগাদ করেছে। তবে সকল দপ্তরের কর্মকর্তারা এ বিষয়ে একটু আন্তরিক হলে সিংড়া উপজেলার ওয়েব পোর্টালটি আরো বেশি সমৃদ্ধ হবে । সহকারী প্রোগ্রামার জানান যে, সকল দপ্তরের পোর্টাল ১০০% হালনাগাদ করার জন্য গত ২৩/০২/২০২৩ খ্রিঃ তারিখে একটি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তাছাড়া সহকারী প্রোগ্রামার ওয়েব পোর্টালের যে কোনো সমস্যায় সহযোগিতা করবেন। | ১। ওয়েব পোর্টাল হালনাগাদ করার জন্য দপ্তর প্রধানদের আরো আন্তরিক হওয়ার জন্য অনুরোধ জানানো হয় এবং যে সকল দপ্তরের পোর্টাল ১০০% হালনাগাদ নেই, সে সকল দপ্তরকে দ্রুততার সহিত ১০০% হালনাগাদ করতে হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>২। ইউনিয়ন পর্যায়ে ১০০% ওয়েব পোর্টাল হালনাগাদ বাস্তবায়নের জন্য ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণকে অনুরোধ করা হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। দপ্তর প্রধান (সকল), সিংড়া, নাটোর<br>২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিংড়া, নাটোর<br>৩। উদ্যোক্তা (সকল) |
| ২ | ই-নথি/ডি-নথি বাস্তবায়ন সংক্রান্ত | সহকারী প্রোগ্রামার জানান যে, উপজেলা নির্বাহী অফিসে ডি-নথি সিস্টেম চালু হয়েছে। তাছাড়া উপজেলা পর্যায়ে আরো ৭টি অফিস ই-নথিতে লাইভে রয়েছে। ই-নথির কার্যক্রম আরো জোরদার করার জন্য সকলকে অনুরোধ করা হয়। | ২। ই-নথি কার্যক্রম বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সহকারী প্রোগ্রামারকে অনুরোধ জানানো হয় এবং তা সিদ্ধান্ত আকারে গৃহীত হয়। | ১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিংড়া, নাটোর |
| ৩ | ইউনিয়ন ডিজিটাল সেন্টারসমূহের কার্যক্রম সংক্রান্ত | ডিজিটাল সেন্টারগুলোতে প্রতিটি সেবার তালিকা, মূল্যসহ ব্যানার এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার এর সাইন বোর্ড থাকা বাধ্যতামূলক এবং তাদের আয়ের হিসাব নিয়মিত একসেবা সিস্টেমে আপলোড করতে হবে এবং উদ্যোক্তাদের সাথে একটি সভা করার বিষয়ে বলা হয় । এ বিষয়ে সহকারী প্রোগ্রামার কে মনিটরিং কার্যক্রম জোরদার করার জন্য নির্দেশ প্রদান করা হয়। | ১। উদ্যোক্তাদের প্রতিদিনের আয় একসেবায় আপলোড করা এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের সাথে একটি সভা করার সিদ্ধান্ত গৃহীত হয় । | ১। ইউপি চেয়ারম্যান (সকল)<br>২। উদ্যোক্তা (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| | শেখ রাসেল ডিজিটাল ল্যাব সংক্রান্ত | সহকারী প্রোগ্রামার জানান যে, সিংড়া উপজেলায় মোট ৮০ টি শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। সহকারী প্রোগ্রামার আরো জানান যে, শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহ হতে প্রতি প্রতিষ্ঠান হতে ৪ (চার) জন শিক্ষককে শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) এর আওতায় ১০ দিন ব্যাপী "আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং' বিষয়ে প্রশিক্ষণ প্রদান চলমান রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রমটি ভেন্ডর প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন হচ্ছে এ বিষয়ে আলোচনা করা হয়। | ১. শেখ রাসেল ডিজিটাল ল্যাব প্রাপ্ত প্রতিষ্ঠানসমূহে ছাত্র-ছাত্রী এবং শিক্ষকদের মাঝে সামাজিক যোগাযোগের মাধ্যম ব্যবহার ও সাইবার সিকিউরিটি বিষয়ে সচেতনতা বাড়ানোর জন্য মুক্তপাঠে (https://muktopaath.gov.bd) ডিজিটাল নিরাপত্তা বিষয়ক কোর্স এবং ডিজিটাল লিটারেসি কোর্স https://digitalliteracy.gov.bd/ এই ওয়েবসাইট থেকে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ১০ দিন ব্যাপী "আইসিটি ইন এডুকেশন লিটারেসি, ট্রাবলস্যুটিং' বিষয়ক প্রশিক্ষণটি সঠিকভাবে বাস্তবায়ন ও তদারকি করার জন্য সহকারী প্রোগ্রামারকে বলা হয়। | ১। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিংড়া, নাটোর।<br>২। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল), সিংড়া, নাটোর। |
| ৫ | হার পাওয়ার প্রকল্প | সহকারী প্রোগ্রামার জানান যে, সিংড়া উপজেলায় হার পাওয়ার প্রকল্পের মাধ্যমে মোট ২৪০ জন নারীকে বিভিন্ন ক্যাটাগরিতে পাঁচ মাসব্যাপী প্রশিক্ষণ প্রদান করা হবে। সহকারী প্রোগ্রামার আরো জানান যে, পাঁচ মাস প্রশিক্ষণ শেষে উত্তীর্ণ প্রশিক্ষণার্থীদের নিয়ে ০১ (এক) মাসব্যাপী মেন্টরশীপ প্রোগ্রাম আয়োজন করা হবে। সফল প্রশিক্ষণার্থীদের ল্যাপটপ ক্রয়ের জন্য আর্থিক অনুদান প্রদান করা হবে। প্রশিক্ষণ কার্যক্রমের বিস্তারিত www.singra.natore.gov.bd এবং www.doict.singra.natore.gov.bd এই ওয়েব সাইটে জানানো হবে। | প্রশিক্ষণ শুরুর পূর্বে প্রশিক্ষণ কার্যক্রমের বিস্তারিত www.singra.natore.gov.bd এবং www.doict.singra.natore.gov.bd এই ওয়েব সাইটে আপলোড করার জন্য বলা হয়। | সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিংড়া, নাটোর। |
| ৬ | ৩৩৩ ও ৯৯৯ কল সেন্টার | উপজেলা পর্যায়ে ৩৩৩ এবং ৯৯৯ কল সেন্টারের ব্যাপক প্রচারণার জন্য সংশ্লিষ্ট সকল কে অনুরোধ করা হয়। | ১। ৩৩৩ কল সেন্টারের মাধ্যমে সরকারি সেবা প্রাপ্তি, সরকারি কর্মকর্তাদের সাথে যোগাযোগ, সামাজিক সমস্যার প্রতিকারের জন্য এবং ৯৯৯ কল সেন্টারের মাধ্যমে দুর্ঘটনা অগ্নিকান্ড, ছিনতাই ইত্যাদি বিষয়ে জরুরী সেবা পেতে ব্যাপক প্রচারণা করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া<br>২। দপ্তর প্রধান(সকল)<br>৩। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সিংড়া, নাটোর। |
| ৭ | বিবিধ | মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের নির্দেশনামতে, নতুন একটি ওয়েব সাইট হাসিনা ও বন্ধুরা (https://www.hasinaandfriends.gov.bd) এই ওয়েব সাইটের সাথে সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নিবন্ধন করার বিষয়ে আলোচনা করা হয়। | নতুন ওয়েব সাইট হাসিনা ও বন্ধুরা (https://www.hasinaandfriends.gov.bd) এই ওয়েব সাইটের সাথে সকল শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের নিবন্ধন করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সিংড়া, নাটোর। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোঃ আল ইমরান)
উপজেলা নির্বাহী অফিসার (ভারপ্রাপ্ত)
সিংড়া, নাটোর
মোবাইল-০১৭৬২৬৯২১১৪
ই-মেইল: unosingra@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
সিংড়া, নাটোর
http://doict.singra.natore.gov.bd

স্মারক নং-৫৬.০৪.৬৯৯১.০০০.০৬.০০১.২০.৩২ তারিখঃ ২০/০৭/ ২০২৩ খ্রি:

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :-

১। মাননীয় সংসদ সদস্য ৬০ নাটোর-৩ (সিংড়া) ।
২। সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার ,আগারগাঁও, ঢাকা।
৩। মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার ,আগারগাঁও, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
৫। জেলা প্রশাসক, নাটোর।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সিংড়া, নাটোর।
৭। উপজেলা নির্বাহী অফিসার, সিংড়া, নাটোর।
৮। প্রোগ্রামার, জেলা কার্যালয়, আইসিটি অধিদপ্তর, নাটোর ।
৯। অফিস নথি।

২০/০৭/২৩

( মোঃ মাজদার আলী )
সহকারী প্রোগ্রামার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
ও
সদস্য সচিব
উপজেলা আইসিটি বিষয়ক কমিটি
সিংড়া, নাটোর
মোবাইল-০১৭২৩০৫৮৩৮৮
ই-মেইল-pial_cse@yahoo.com